ঘ) ‘যেথা তুচ্ছ আকারের মরু বালুরাশি
বিচারের স্রোতপথ ফেলে নাই গ্রাসি
পৌরুষেরে করেনি শতধা।’

— এই কাব্যাংশের মূল ভাবনাটি বিশ্লেষণ করো এবং ভারতের জন্য কবির আকাঙ্খা ব্যক্ত করো। ৬+৪=১০

---





# ২০২৪
# বাংলা
## (অনার্স)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## চতুর্থ সেমেস্টার
## কোর্স কোড : BNGH-CC-T-10
## (বাংলা কবিতা)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*
*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘কৈফিয়ত’ শব্দের অর্থ কী? কে, কাদের কৈফিয়ত দিতে চান?

খ) ‘জীবনদেবতা’ কে? কবি তাঁকে ‘বধূ’ বলে সম্বোধন করেছেন. কেন?

গ) ‘প্রার্থনা’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? প্রার্থনা কে, কার উদ্দেশ্যে করেন?

ঘ) বন্যাত্রাণের শিবিরে কবি দেবীকে কেন আহ্বান করেছেন? শিবিরে কারা আছেন?

ঙ) ‘ভারততীর্থ’ কবিতাটি প্রথম কোন্ পত্রিকায় কী নামে প্রকাশিত হয়েছিল?

(পরের পাতায়)

চ) সংসারে সন্ন্যাসী লোকটার অসুখ কী? লোকটা কী পাগল?

ছ) 'আমার কৈফিয়ত' কবিতাটি কয়টি স্তবকে রচিত? এটি কোন্ ছন্দে লেখা?

জ) 'দুর্গা তুমি কি পরি হতে পারো, বলো না?' — কোন্ কবিতার অংশ? 'দুর্গা'কে কবি 'পরি' হতে বলেছেন কেন?

ঝ) 'দুঃখবাদ' বলতে কী বোঝো? দুঃখবিলাসী আর দুঃখবাদীর মধ্যে কী পার্থক্য দু'এক কথায় লেখো।

ঞ) 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা'-কবিতায় রিক্‌শাওয়ালার নাম কী? তার শারীরিক অবস্থার পরিচয় দাও।

ট) 'পৃথিবী বাড়ুক রোজ' কার লেখা? পৃথিবী রোজ কীভাবে বাড়বে?

ঠ) 'সুচেতনা' কবিতায় কবি সুচেতনা বলতে কী বুঝিয়েছেন?

ড) 'স্বর্গাদপি গরিয়সি' কথার অর্থ কী? কবি কাকে 'স্বর্গাদপি গরিয়সি' বলেছেন?

ঢ) কবি 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কবিতায় চোখের ভাষা দিয়ে কী বলতে চেয়েছিলেন?

ণ) 'জন্মদিনে' কাব্যের প্রকাশকাল লেখো। 'ঐকতান' কবিতাটি 'জন্মদিনে' কাব্যের কত সংখ্যক কবিতা?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'ক্লান্ত ক্লান্তিহীন নাবিক' বলতে কবি কী বুঝিয়েছেন?

খ) 'এক মুঠো চাল একশো কোটির জন্য' — কোন্ কবিতার অংশ? ব্যাখ্যা করো।

গ) 'হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগোরে ধীরে' — এখানে ভারতভূমিকে 'পুণ্যতীর্থ' বলা হয়েছে কেন?

ঘ) সংসারে সন্ন্যাসী লোকটা যুদ্ধক্ষেত্রে না গিয়েও মধ্যযুগের যোদ্ধা কেন, যুক্তি পরম্পরায় আলোচনা করো।

ঙ) 'জীবনদেবতা' কবিতায় জীবনদেবতার স্বরূপ আলোচনা করো।

চ) 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা' কবিতাটির রচয়িতা কে? কবিতাটি কোন্ দেশের স্বাধীনতা আন্দোলনের প্রেক্ষিতে রচিত? স্বাধীনতা পাবার জন্য মানুষকে কী কী মূল্য দিতে হয়েছে বলে কবি কবিতায় উল্লেখ করেছেন?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'এই পৃথিবীর রণ রক্ত সফলতা সত্য, তবুও শেষ সত্য নয়' — ব্যাখ্যা করো।

খ) 'মানুষের পাপ করিতে মোচন, দেবতারে হানি ভীম প্রহার, কালাপাহাড়।'— তোমার পাঠ্য কবিতা অনুসারে কালাপাহাড় চরিত্রটির বিবরণ দাও।

গ) 'পৃথিবীর মতো সেই অন্য এক পৃথিবীতে একা'— কোন্ কবিতার অংশ? এই একা মানবীর মূল্যায়ন তুমি কীভাবে করবে? ১+৯=১০

 (পরের পাতায়)